Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জাঙ্গপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৴০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর
সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।
রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৩শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৩ ইংরাজী 6th June. 1956 { ৪র্থ সংখ্যা



ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. SERVICE

দূরের মানুষ কাছে হয়
ফটো যদি সঙ্গে রয়
রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত
হ্যানিম্যান হল
মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান
এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইন্ষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে "বসন্ত চিকিৎসা" মূল্য মাত্র আট আনা।
হ্যানিম্যান হল
খাগড়া, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৩শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৩ সাল।

## বুদ্ধদেবের অপমান

—০—

ভগবান বুদ্ধদেবের জনৈক অতিভক্ত আমাদের উপর এক সাংঘাতিক অভিযোগপূর্ণ পত্রাঘাত করিয়াছেন। তাঁহার পত্রখানি প্রকাশ করার ইচ্ছা থাকিলেও তাহার আয়তন এত বড় যে আমাদের ক্ষুদ্র কাগজখানিতে এক সপ্তাহে দূরের কথা এক মাসেও তাহা অসম্ভব বলিয়া সে ইচ্ছা পূর্ণ করিতে পারিলাম না। তিনি লিখিয়াছেন—এখন হইতে আড়াই বৎসর পূর্ব্বে ( "আড়াই" ও "বৎসর" এই দুইটি শব্দের মধ্যে "হাজার" শব্দটি বাদ গিয়াছে ? ) এই ভারতের এক মহামানব যে প্রেম ধর্ম্মের মহান্ বাণী (মহতী বাণী ?) প্রচার করিয়া গিয়াছেন, ভারতবাসী যাঁহাকে অবতার জ্ঞানে পূজা করিয়া আসিতেছেন, অবতাররূপী সেই সত্য শিব সুন্দর ভগবান তথাগতকে ভারতের সমস্ত সংবাদপত্রেই ভক্তির সহিত শ্রদ্ধা নিবেদন করিয়া তাঁহার গুণানুকীর্ত্তন করিয়াছে, কেবল আপনাদের "জঙ্গিপুর সংবাদে" তাঁহার নামোল্লেখ পর্য্যন্ত করেন নাই। ( আরম্ভ করিয়া )……( শেষ করিয়াছেন )……আপনাদের ছিল কি ? এই কাগজ বাহির করিয়া আজ অবস্থা ফিরাইয়া লইয়াছেন। কাজেই অহঙ্কারে চোকে দেখতে পান না। ইহার জবাব আপনার ( আপনাদের ? ) জঙ্গিপুর সংবাদের মারফৎ দিয়া সম্পাদকের কর্ত্তব্য রক্ষা করিবেন।

ইতি আপনাদের—

"মোহমুদ্গর"

### *আমাদের সানুনয় নিবেদন—*

মহাশয়,

আপনার পত্রখানি আমাদের বিরুদ্ধেই লেখা। তাহা সম্পূর্ণ প্রকাশ না করিয়াও তাহার প্রাপ্তি স্বীকার করিতেছি, এবং আপনার অবগতির জন্য আমাদের এই ক্ষুদ্র "জঙ্গিপুর সংবাদ" খানির সম্পাদকীয় স্তম্ভের উপর যে ত্রিশূলধারী শিবমূর্ত্তিটি আছে তাহারও উপরে 'সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ' বাক্যটির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করিতেছি। বাক্যটির বাংলা অর্থ—'সকল দেবতাকে প্রণাম'। সুতরাং কোন দেবতাকেই বাদ দিই নাই। কোন দেবতাকেই অগ্রাহ্য করি নাই। কাজেই আমাদের অপরাধ নাই। যদি বলেন বিশেষ করিয়া বুদ্ধদেবের সম্বন্ধে লিখি নাই কেন ? তাঁহার সম্বন্ধে কিছু না জানিলেও অন্য কাগজ দেখিয়া লেখা কঠিন হইত না। আপনিই লিখিয়াছেন—আমাদের অবস্থার উন্নতি হইয়াছে বলিয়া অহঙ্কার হইয়াছে। খুব ঠিক কথা! বুদ্ধদেব ছিলেন রাজার ছেলে। তাঁহার পিতা কপিলাবস্তুরাজ শুদ্ধোদন দণ্ডপাণি তনয়া পরমাসুন্দরী গোপার সহিত পুত্রের বিবাহ দিয়াছিলেন। বুদ্ধদেব তাঁহার পত্নী গোপা যে দিন একটি অতি সুন্দর পুত্র প্রসব করিলেন তাহার সপ্তম দিনে সংসার ত্যাগ করিয়া সন্ন্যাসী হইলেন রোগ-শোক-জরা-জর্জ্জরিত মানবের মুক্তির জন্য কঠোর তপস্যা করিয়া বর্ত্তমান কাল হইতে আড়াই হাজার বৎসর পূর্ব্বে মহাপরিনির্ব্বাণ লাভ করিয়াছেন।

আপনিই বলিয়াছেন—আমরা কি ছিলাম কি হইয়াছি। যাহারা আমাদের মত দীনাবস্থা হইতে রাজসিংহাসনে উপবেশন করার মত উন্নত অবস্থা প্রাপ্ত হইয়াছেন তাঁহারা কি আজ অন্নের কাঙাল বস্ত্রের কাঙালদের কি কষ্ট তাহা অনুভব করিবার অবকাশ পাইতেছেন তাহা হইলে এই ভারতেই রাজার ছেলে মানববৃন্দের মুক্তির জন্য সন্ন্যাসী হইয়াছেন, তাঁহার বাণী শুনিয়া দয়াধর্ম্মের সঞ্চার হইলে আজ এই মহানির্ব্বাণকে উপলক্ষ্য করিয়া রাজসিক উৎসবে অর্থব্যয় না করিয়া দীনের দুঃখ মোচনের প্রবৃত্তি হৃদয়ে হৃদয়ে উদয় হইয়া পৃথিবীকে দয়ার বন্যায় ভাসাইয়া দিত।

আজ চারিদিকে হাহাকার। ইহার মধ্যে যে কোনও উৎসবে অর্থের ছিনিমিনি খেলা হৃদয়হীনতা ছাড়া কিছুই নহে। শুধু এই উৎসব নহে, কাঙালের কলেজা-নিংড়ানো অর্থ দিয়া কত বিলাস কত ভোগ চলিতেছে। ধরুন—ভারতীয় মহাসভার অধিবেশনে কত বার কত টাকা 'ন দেবায় ন ধর্ম্মায়' ব্যয় হইতেছে। এক এক পরিকল্পনায় তস্করের উদরে কত লক্ষ লক্ষ মুদ্রা প্রবেশ করিতেছে তাহা ধরা পড়িলেও চাপা দিবার প্রবৃত্তিসম্পন্ন শাসকের সংখ্যা দেশে বড় কম নাই। শাসকের জন্য বিলাসে কোটি কোটি টাকা ব্যয় করার অছিলা উৎসব আকারে দেখাইয়া লোকের চোকে ধূলি নিক্ষেপ ছাড়া আর কিছুই নহে। দেশের লোকের নিকট কর, ট্যাক্স, উপঢৌকন ইত্যাদি কোনও প্রকারে আদায় করিয়া বেতনভোগী ব্যক্তির জন্মদিনের উৎসব করিতে একটুও লজ্জা অনুভব করে না ক্ষমতায় আসীন ব্যক্তিরা।

আমরা এই সব উৎসবের অছিলাকে মনে করি মাংসলোলুপ শাক্ত ভক্ত বলিদানের ছাগশিশুর করুণ চীৎকার ঢাকিবার জন্য যেমন ঢক্কা বাদ্যের ব্যবস্থা করে। দেশের হাহাকার চাপা দিবার জন্য উৎসবের ঘনঘটা ঠিক তাই।

নইলে ছোঁয়াচে ব্যাধির মত যখন তখন যে উৎসবের অছিলা পাওয়া যায় তাহা সহরে সহরে গ্রামে গ্রামে সংক্রমিত করার উদ্যমের অভাব নাই। মৃত ব্যক্তির নামে এক হুজুগ তুলিয়া অর্থের অপব্যয় করার বিরাম নাই ; অথচ জীবন্ত ব্যক্তি দুমুঠো অন্নের অভাবে জীবন্মৃত হইয়া ধরাধাম হইতে সপরিবারে নিশ্চিহ্ন হইতে চলিয়াছে। আমরা এই প্রকারের কোনও হুজুগের প্রচার কার্য্যের সহায়তা পয়সা লইয়াও করিতে ঘৃণা বোধ করি। আমাদের যতই পাপ বা অপরাধ হউক গতানুগতিক হইয়া বিবেকের বিরুদ্ধে কোন বিষয় পত্রস্থ করিব না।

আমাদের মোহমুদ্গর মহাশয় তাঁহার পত্রে আমাদের কাগজ চালাইবার প্রণালী শিক্ষা দিতেও ত্রুটি করেন নাই! আমরা চিরদিন বৎসর বৎসর পাঠকগণের নিকট স্বীকার করি—যে আমাদের কাগজখানি কেবলমাত্র উদরান্নের সংস্থান জন্য। ইহার অন্য কোন মহৎ উদ্দেশ্য নাই। তবুও অবস্থার উন্নতি দেখিয়া যিনি গালাগালি করেন, তাঁহার অবস্থা বোধ হয় আমাদের অপেক্ষা ভাল তো নয়ই বরং নিকৃষ্টতর বলিয়া মনে হয়। উনি যে বুদ্ধি

আমাদের দিয়া উপদেশ দিয়াছেন, তাহা ঠিক এক রাজবাড়ীর মামলা তদ্বিরকারক সরকার যেমন এক দুগ্ধ ব্যবসায়ী যাদবনন্দনকে অযাচিত উপদেশ দিয়াছিলেন, যাদবনন্দন তাহা প্রত্যাখ্যান করিয়াছিল, আমাদেরও তাই করা ছাড়া উপায় নাই। গল্পটি শুনুন—

এক সদ্য পিতৃহীন যাদবনন্দন দুই হাঁড়ি দই একটি বাঁকের একদিকে চাপাইয়া অন্য দিকে তৎ-পরিমাণ ওজনের ঢেলা চাপাইয়া ভারকেন্দ্র ঠিক করিয়া গ্রাহকের বাড়ী যাইতেছে। রাজবাড়ীর পাশ দিয়া যাইবার সময় রাজাদের সরকার তাকে ডবল বোঝা বইতে দেখিয়া, বলিলেন হারে গাধা! দুখানা হাঁড়ি আছে তবুও ঢিল বইছিস্ কেন? দুখানা দুদিকে চাপা তোর অর্দ্ধেক ভার কমে যাবে। ঘোষের পো তাঁর কথা মত দুদিকে দুখানা নিয়ে সরকারের বুদ্ধির জন্য তাকে খুব তারিফ করিয়া বলিলেন—সরকার মশাই, আপনার কি বুদ্ধি! আপনি চোকে দেখেই আমার ঘাড়ের বোঝা কমিয়ে দিলেন! আপনি এত বুদ্ধিমান! নিশ্চয়ই মেলা জমি জমা, ঘরবাড়ী, পুকুর, বাগান ঢের করেছেন? সরকার যখন বলিলেন—মাত্র ৩০৲ টাকা মাইনে, আর রাজবাড়ীর ঠাকুরের পেসাদ খেয়ে এখানে চাকরী করেন। তখন ঘোষের পো ওর দুখানা হাঁড়ি যেমন ছিল তেমনি বাঁকে চাপিয়ে অন্য দিকে যেমনকার ঢিল তেমনি চাপিয়ে বল্লে তোমার বুদ্ধি নেবোনা। কিছু করতে পারনি? শুধুই বুদ্ধি! আমাদের ঐশ্বর্য্যকে যে বড় মনে করে, আমরাও তার অযাচিত বুদ্ধির ঘোষের পোর মতই সম্মান করবো।

---

## বরুণ-পবনের সমবেত আক্রমণ

গত ১৬ই জ্যৈষ্ঠ বুধবার রাত্রি হইতে প্রবল ঘুর্ণি-বাত্যা ও বৃষ্টি সুরু হওয়ার ফলে মেদিনীপুর জেলার কাঁথি ও তমলুক মহকুমা, ২৪-পরগণার ডায়মণ্ড-হারবার মহকুমার অধিবাসীবৃন্দ বিশেষ ক্ষতিগ্রস্ত হইয়াছে। কলিকাতা ও অন্যান্য স্থানেও বহু অঘটন সংঘটিত হইয়াছে। জঙ্গিপুর মহকুমার উপর দিয়া এই বাত্যা প্রবাহিত হওয়ায় আমের ও খড়ো ঘরের বেশ ক্ষতি হইয়াছে।

## মধ্যস্বত্বভোগীদের জন্য অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ

পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইনানুসারে যাঁহাদের জমিদারী বা স্বার্থ রাষ্ট্রে বর্ত্তাইয়াছে সেই সব মধ্য-স্বত্ব ভোগীদিগকে অন্তর্বর্ত্তীকালীন ক্ষতিপূরণ দানের পদ্ধতি সম্পর্কে সংবাদপত্রে প্রকাশিত মন্তব্যের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে।

অন্তর্বর্ত্তীকালীন ক্ষতিপূরণ দেওয়া ত্বরান্বিত করার উদ্দেশ্যে মধ্যস্বত্বভোগীদের মোট আনুমানিক বার্ষিক আয় গণনা করার একটি সহজ পন্থা অবলম্বন করা হইয়াছে। যে সব মৌজায় রিভিসনাল সেটেলমেণ্টের অ্যাটেসটেসন সম্পূর্ণ হইয়াছে সেই সব স্থানে অ্যাটেসটেসনের দলিলের উপর ভিত্তি করিয়া মধ্যস্বত্বভোগীদের মোট আনুমানিক বার্ষিক আয় নির্দ্ধারিত হইবে। অন্যান্য স্থানে মালিকানার পুরাতন দলিলপত্র এবং ৬নং নিয়ম অনুসারে দাখিল করা রিটার্ণ পরীক্ষা করিয়া মধ্যস্বত্বভোগীর দাবী বিচার করা হইবে। কোন কোন ক্ষেত্রে জমাবন্দী, খোকা, করচা প্রভৃতি কাগজপত্র পরীক্ষার প্রয়োজন হইলে উক্ত কাগজপত্র দাখিল করার জন্য যথারীতি জানাইয়া দেওয়া হইবে। মধ্যস্বত্বভোগী স্বেচ্ছায় দিয়া না দিলে এই সব কাগজপত্র রাখিয়া দেওয়া হইবে না। অন্তর্বর্ত্তীকালীন ক্ষতিপূরণে সরকারী প্রাপ্য বাদ দিবার জন্য আইন অনুসারে মধ্যস্বত্ব-ভোগী সরকারের সহিত এক লিখিত চুক্তি করিতে পারেন, এই চুক্তিতে এই আইনের ৭(১) ধারা অনুসারে তাঁহার প্রাপ্য ক্ষতিপূরণ বাবদ মোট টাকা এবং তাঁহার প্রাপ্য বাকী খাজনার টাকা সরকার সরকারী প্রাপ্যের বদলে গ্রহণ করিবেন। ইহার ফলে মধ্যস্বত্বভোগীদের পক্ষে বাকী সরকারী প্রাপ্য আদায় সংক্রান্ত মামলা মুলতুবি রাখিতে সাহায্য করিবে।

মধ্যস্বত্বভোগীদের মধ্যে যাঁহারা অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ পাইবার অধিকারী এবং ইহার জন্য যথাযথ আবেদন করিয়াছেন, তাঁহারা যাহাতে শীঘ্রই তাঁহাদের প্রাপ্য পাইতে পারেন তাহার জন্য সরকার সম্ভাব্য সকল উপায় গ্রহণ করিতেছেন। (প্রেস-নোট)

---

## সাইকেল চোরের কারাদণ্ড

বিগত ৬ই এপ্রিল সন্ধ্যার সময় বালিঘাটার মোক্তার শ্রীআশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের বাড়ীর সম্মুখ হইতে শ্রীপ্রাণগোপাল চট্টোপাধ্যায় মহাশয়ের সাইকেলখানি চুরি যায়। রঘুনাথগঞ্জ-মোড়গ্রাম মোটর সার্ভিসের কণ্ডাক্টর সন্দেহক্রমে সাইকেল সহ চোরকে বোখারায় ধরে এবং সাগর-দীঘি থানায় চালান দেয়। জঙ্গিপুরের সেকেণ্ড অফিসারের কোর্টে সাইকেল চুরির অপরাধে আসামী শ্রীসুরেন্দ্র চক্রবর্ত্তী চারি মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছে। উক্ত ব্যক্তি চৌর্য্য অপরাধে ইতিপূর্ব্বে ৩ বার কারাদণ্ড ভোগ করিয়াছে বলিয়া প্রকাশ।

---


## গাভী বিক্রয়

একটী উন্নত শ্রেণীর প্রথম বিয়ানের গাভী বকনা বাছুর সহ বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীদুর্গাপ্রসাদ দাস, শিক্ষক
ফতুল্লাপুর, পোঃ নুরপুর (মুর্শিদাবাদ)



## TENDER NOTICE.

Sealed tender is invited for the construction of one room in first floor with some addition and alteration in existing structure of Deshbandhu-Jatindas Pathagar, as per plan and drawing and specification at an estimated cost of Rs. 3000/- only.

Last date for submitting tender is 18. 6. 56. and it will be opened on the same date before the tenderers, if present, at 7-30 P. M.

Plan, estimate, specification and scheduled of item may be seen daily in the Pathagar from 7 to 9 P. M.

Dated 5. 6. 56. Bishwapati Chatte
Secy. Deshbandhu-Jatindas Pa





## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জাঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পা[illegible]মুদ্রিত ও প্রকাশিত